



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১৩৮

বিনামূল্যে বই পৌঁছে দেয়া সরকারের বড় সাফল্য

— খাদ্যমন্ত্রী

রাজশাহী; ১৭ পৌষ (০১ জানুয়ারি) :

খাদ্যমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা সাধন চন্দ্র মজুমদার বলেছেন, বছরের প্রথম দিন হাতে নতুন বই পাওয়ায় শিক্ষার্থীরা পড়াশুনায় উৎসাহিত হচ্ছে। তিনি বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণকে শিক্ষাক্ষেত্রে সরকারের বড় 'মাইলফলক' বলে উল্লেখ করেন।

আজ রবিবার (০১ জানুয়ারি) সকালে নওগাঁর পোরশা উপজেলার নিতপুর সরকারি মডেল উচ্চ বিদ্যালয় ও কলেজ প্রাঙ্গণে শিক্ষার্থীদের মাঝে 'পাঠ্যপুস্তক বিতরণ উৎসব' অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। একই অনুষ্ঠান থেকে মন্ত্রী ভার্চুয়ালি যুক্ত হয়ে সাপাহার ও নিয়ামতপুর উপজেলার পাঠ্যপুস্তক বিতরণ উৎসব উদ্বোধন করেন।

খাদ্যমন্ত্রী বলেন, ছাত্র-ছাত্রীদের জন্য আজ খুশির দিন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাদের এই খুশির উপলক্ষ্য তৈরি করে দিয়েছেন। একযোগে সারাদেশের সকল শিক্ষার্থীর কাছে বছরের প্রথম দিনই বই পৌঁছে যাচ্ছে।

শিক্ষার্থীদের লেখা পড়ায় স্মার্ট হওয়ার আহ্বান জানিয়ে খাদ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর নেতৃত্বে ডিজিটাল বাংলাদেশ হয়েছে। শিক্ষার অনেক কন্টেন্ট এখন ডিজিটাল। তাই শিক্ষার্থীদের শুধু পোশাকে নয়, চিন্তা-চেতনায় স্মার্ট হতে হবে। তিনি শিক্ষার্থীদের স্মার্ট বাংলাদেশের ভবিষ্যৎ কর্ণধার বলে উল্লেখ করেন।

দেশের সব শিক্ষার্থীর হাতে বিনামূল্যে বই পৌঁছে দেয়াকে সরকারের বড় সাফল্য উল্লেখ করে তিনি বলেন, শেখ হাসিনা যতদিন বেঁচে আছেন, ততদিন বাংলাদেশের উন্নয়নযাত্রা কেউ ব্যাহত করতে পারবে না। বৈশ্বিক আর্থিক সংকটে অনেক দেশ যেখানে বই ছাঁপতে পারছে না, সেখানে তিনি বছরের পহেলা তারিখে কোমলমতি শিক্ষার্থীদের হাতে বই তুলে দিচ্ছেন।

পোরশা উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) মো: জাকির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে পোরশা উপজেলা পরিষদের চেয়ারম্যান শাহ মঞ্জুর মোর্শেদ চৌধুরী, নিতপুর সরকারি মডেল উচ্চ বিদ্যালয় ও কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো: শফিকুল ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ওয়াজেদ আলী মৃধা প্রমুখ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, পোরশা উপজেলায় ২০২৩ সালে প্রাথমিক পর্যায়ে ৬৭ হাজার ৯শ ৫৪ কপি এবং মাধ্যমিক পর্যায়ে ১ লাখ ৮৫ হাজার ২শ ৭০ কপি বই বিতরণ করা হবে।

এর আগে খাদ্যমন্ত্রী মহাদেবপুর-সরাইগাছি-পোরশা (জেড ৫৪৫৬) সড়কের সরাইগাছি-নিতপুর অংশের প্রায় ৯ কিলোমিটার সড়কের উন্নয়ন কাজের ফলক উন্মোচন ও কাজের উদ্বোধন করেন।

.....
কামাল/তৌহিদ/সিকান্দার/রুহুল/২০২৩/১.৩০ঘ.